শত্রু স্থানে স্থিত জীব রিপুগৃহে স্থিত বুধঃ।
এষশস্ত্র হতযোগ যদি শক্র সমোভবেৎ ॥

জন্ম কালীন লগ্নাপেক্ষা ষষ্ঠস্থানে বৃহস্পতি আর বুধগ্রহ যদি থাকেন তবে সেই নরের অস্ত্রাঘাতে মৃত্যু হয়।

অথ বধির যোগ।

কুজক্ষেত্রে গতে সৌরি গুরু ক্ষেত্রে গতে কুজৌ।
কুজেচ সপ্তম স্থানে বাক ভঙ্গ ভবেধ্রুবং ॥

জন্ম কালীন মেষ রাশি কিম্বা বৃশ্চিক রাশিতে শনি যদি থাকেন আর ধনু কিম্বা মীন রাশিতে যদি মঙ্গল থাকেন তবে সেই শিশু বধির অর্থাৎ বোবা হয়।

অথ উদ্বন্ধন কথন।

খোড়ার ঘরে বোড়ার গমন, গলায়দড়ে অশ্বমরণঃ।

জন্ম কালীন মকর রাশি কিম্বা কুম্ভ রাশি স্থিত রাহু যদি গমন করেন তবে সেই ব্যক্তি গলায় দড়িদিয়া মরেন।

মহাপাতক যোগ।

রাহু নাশ স্থিতো মন্দ, শত্রু গৃহে ঐরি বীক্ষিতঃ।
মহাপাতক যোগ অয়ং যদি বৃক্ষ সমভবেৎ ॥

জন্ম কালীন শনি আর রাহু যদি এক গৃহে থাকেন কিম্বা লগ্ন

পেক্ষা ষষ্ঠ রাশি স্থিত অথবা শুক্র স্থানে পূর্ণ দৃষ্টি থাকে তবে সেই নরের মহাপাতক হয় যদি ব্রহ্ম সমান হন তথাপি হয়।

গোহত্যা ব্রহ্মহত্যা।

পাপগ্রহ গতশ্চন্দ্রৌ রবিভৌম বলকৃতঃ।
স্বভবেৎ ব্রহ্মহত্যাচ গোবধি শনি যোগতঃ॥

জন্ম কালীন মকর কুম্ভ আর কন্যা মীন এবং মেষ বৃশ্চিক এই রাশি স্থিত যদি চন্দ্রগ্রহ হয় আর সেই চন্দ্রকে রবি মঙ্গল যদি দেখিতে পায় তবে সেই নর ব্রহ্মহত্যা করে। আর উক্ত রাশি স্থিত চন্দ্রগ্রহ এবং শনি গ্রহ যুক্ত থাকিলে গোহত্যা ব্রহ্মহত্যা দ্বি মহাপাতক করে।

লগ্নে দ্বিপাপ পত্রিত স্ত্রীপাপে শঙ্কর অধম।
আত্মহাসাৎ চতুর্যুশ্চ পাপ ভবেদেকেন বাচ্যতা।
কুষ্ঠরোগো পুদৌ পুক্তোচ্ছিদস্থো সর্প মন্দগৌ।
মহাকুষ্ঠকরঃ প্রোক্তস্তাভ্যাং যুক্ত মহীভবঃ॥

জন্ম লগ্নেতে যদি দ্বিপাপ গ্রহ থাকে অথবা লগ্নাধিপতি যে গ্রহ হয় সেই গ্রহতে যদি দ্বিপাপ গ্রহযুক্ত থাকে তবে শিব তুল্য যদি হয় তথাপি অধম হয় এবং আত্মঘাতী হইয়া প্রাণ ত্যাগ করে আর লগ্নে যদি চতুর্থ পাপগ্রহ থাকে তবে কুষ্ঠ ব্যাধি হয় অথবা অষ্টম স্থানে শনি কিম্বা রাহুযুক্ত যদি মঙ্গল হয় তবে মহা ব্যাধিযুক্ত হয়।

অথ শূলযোগ।

একত্রেচ ত্রয়েশ্চাক্ষে গ্রহাস্তিষ্ঠন্তি সর্ব্বদা।
শূলযোগ ভবেত্তস্যনাত্র কার্য্য বিচারণাৎ।

যে নরের জন্ম কালীন এক নক্ষত্রে তৃতীয় গ্রহ যদি থাকেন তবে সেই নরের শূলযোগ হয়।

সহমৃতা যোগ।

চন্দ্রাৎ সপ্তমগঃ পাপা যস্যাঃ স্বলুসুতান্বিতঃ।
শত্রু নীচ গৃহস্থাস্যুঃ ম্রিয়তে পতিনাসহঃ॥

চন্দ্রাপেক্ষ সপ্তম স্থানে যদি পাপগ্রহ থাকেন আর সেই চন্দ্র শুভ গ্রহযুক্ত যদি থাকেন আর শত্রুগ্রহ যদি নীচস্থ হয় তবে সহগমন যোগ হয়।

অথ বৈধব্যাদি কথন।

বাল্যে বিধবা ভৌমে পতি সংত্যক্তা দিবাকরে।
অস্তসৌরে পাপৈদৃষ্টে কন্যৈব জরাং সমুপয়তি।
ভৌমে লগ্না দৃষ্টমস্থে বাল্যে শৈশবে বিধবাস্যাৎ॥

লগ্নে যদি মঙ্গল গ্রহ থাকে তবে বাল্যকালেতে বিধবা হয় আর রবিগ্রহ যদি লগ্নে থাকে তবে পতিকে ত্যাগ করিয়া উপপতি করে আর যদি অষ্টম স্থানে মঙ্গল থাকে তবে বাল্য কালেই বিধবা হয়।

দিবাকরে সপ্তমস্থে কন্যৈব অনূঢৈব জরাং প্রাপ্নোতি।
জরা বস্থায়ামপি তস্য বিবাহো নস্যাদিত্যর্থ্যঃ॥

জন্ম লগ্নের সপ্তম স্থানেতে যদি রবি থাকে তবে অবিবাহিতে রোগযুক্তা হয় এবং সেই কন্যার বিবাহ হয় না।

বাল্যে বিধবা ভৌমে পতি সংত্যক্ত দিবাকরে।
হস্তস্থে ক্রুরৈরস্থে বিধবা ভবতি পুনর্ভুঃ শুভাশুভে।
নারী ক্রুরে হষ্টমেচ বিধবা সংস্বর্থেস্বাস্বয়ং ম্রিয়তে॥

যে রাশি হইবেক তাহার সপ্তম স্থানে যদি মঙ্গল থাকেন তবে বালিকা কালে বিধবা হয় আর সপ্তমে যদি রবি থাকে তবে সেই স্ত্রী স্বয়ং পতি ত্যাগ করিয়া মরে এবং পাপগ্রহ শনি রাহু কেতু মঙ্গল রবি যদি সপ্তমে থাকেন তবে সেই স্ত্রী বিধবা হয় আর পাপগ্রহ অষ্টমে থাকিলে বিধবা হন কিন্তু পুনর্ব্বার উপপতি করেন।

অথ মৃতাপত্য যোগ।

সুত স্থানাষ্টমে পাপে বিয়ত্তো জায়তে মস্তান্
তথৈব চাষ্টম স্থানে জাত মৃত্যু নসংশয়ঃ।

লগ্নাপেক্ষা পঞ্চম স্থানে আর অষ্টম স্থানে যদি পাপগ্রহ থাকে তবে সন্তান হয় না কিন্তু পাপগ্রহ অষ্টমে থাকিলে সন্তান হয় রক্ষা পায় না ইহার সন্দেহ নাস্তি।

আরকংয়ো যদা মধ্যে ভবেচ্চ রজনীকরঃ
মৃতাপত্যা ভবেন্নারী যদিস্যাৎ পার্ব্বতী সমা।

মঙ্গল গ্রহ আর রবি গ্রহর মধ্যে যদি চন্দ্র গ্রহ থাকে তবে সেই স্ত্রী মৃতাপত্য হয় যদি পার্ব্বতী তুল্য হয় তথাপি উক্ত দোষ হয়।

সহজে সহজাধিশ ধনে লগ্নে যুতে পিবা।
নতস্য জায়তে পত্যা যদি জাত নজীবতি ॥

যে লগ্নে হইবেক তাহার তৃতীয় স্থানাধিপতি যে গ্রহ হইবেক সেই গ্রহ যদি তৃতীয় স্থানে কিম্বা লগ্নে অথবা দ্বিতীয় পঞ্চমে থাকেন তবে সুত হয় না যদি হয় তবে মৃত্যু নিশ্চয়।

অথ স্ত্রী বন্ধ্যা বিবরণ।

লগ্নে মকর সংপ্রাপ্তে কুম্ভে বা শুভ বর্জ্জিতা।
শনি দৃষ্টে যুতে বাপি বন্ধ্যা ভবতি নান্যতা।

মকর লগ্নে যে কন্যার জন্ম হয় আর কুম্ভ লগ্নে শুভ গ্রহ না থাকে কিম্বা শনিগ্রহ যুক্ত থাকে অথবা দেখিতে যদি পায় তবে সেই স্ত্রী বন্ধ্যা হয়।

সুত স্থানে দ্বিপাপেচ ত্রিপাপে বাথসংযুতে।
তদা স্ত্রীপুরুষৌ বাচ্যা বিজ্ঞয়ো শত্রু বিক্ষিতৌ॥

লগ্নাবধি করিয়া যে পুরুষের পঞ্চম স্থানে দ্বিপাপ গ্রহ থাকে কিম্বা ত্রিপাপ গ্রহ সংযোগ হয় তবে সেই স্ত্রী আর পুরুষ উভয়েতেই বন্ধ্যা হয়।

কাক বন্ধ্যা কথন।

নার্য্যা স্থিতা গর্ভস্রাব স্ত্রীয়ামাসাৎ দিনকর
যুত দৃষ্টে ব্যাধি সনষ্ঠ গর্ভো ক্ষিতি সুত যুত দৃষ্টে
নষ্ট পুষ্পাচ নারী রবিসুত যুত দৃষ্টে তত্র বন্ধ্যা
প্রদিষ্টঃ শশীসুত যুত দৃষ্ট্যা সাভবেৎ কাক বন্ধ্যা।

যে স্ত্রীর লগ্নে রবি থাকেন সেই কন্যার তৃতীয় মাস মধ্যে গর্ভস্রাব হয় কিম্বা পূর্ণ দৃষ্টি থাকে তথাপি হয় আর যদি মঙ্গল যুক্ত থাকেন অথবা পূর্ণ দৃষ্টি লগ্নে থাকে তথাচ হয় এবং শনি লগ্নে যুক্ত কিম্বা পূর্ণ দৃষ্টি থাকে তবে বন্ধ্যা হয় আর বুধ গ্রহ লগ্নে যুক্ত থাকে অথবা পূর্ণ দৃষ্টি থাকে তবে কাক বন্ধ্যা হয়।

অথ অনপত্য যোগ।

লগ্নাৎ পঞ্চমগঃ পাপঃ করোতি বিসুতাং স্ত্রীয়ং।
দ্বিত্রিপাপ সমাযোগে উভয় বন্ধতা বদেৎ॥

লগ্নের পঞ্চম স্থানে যে স্ত্রীলোকের পাপ গ্রহ থাকে তাহার সুত হানি হয় আর দ্বিতীয়ে কিম্বা তৃতীয় স্থানে যদি পাপ গ্রহ থাকে তবে স্ত্রী পুরুষ উভয়ে বন্ধ্যা অর্থাৎ পুত্রহীন হয়।

লগ্নে পাপসমাযোগে চিররোগী নসংশয়ঃ।
শনি সূর্য্য কুজো রাহু বাধকং রক্ত বন্ধকং॥

পাপগ্রহ লগ্নে যদি থাকে তবে চিরকাল শরীরে একটা পীড়া যুক্ত হয় আর শনি রবি এবং মঙ্গল রাহু যদি পঞ্চমে থাকে তবে সেই স্ত্রীর বাধক হয়।

সন্তান সন্ততি উৎপত্তি কথন।

সম রাশি দ্বিতীয়স্তু রাহু বা কেতু সংস্থিতে
তদা নজায়তে পুত্রেয় যদি জাত নজীবতী।

যে লগ্নে জন্ম হইবেক সেই লগ্ন যদি সমঘর হয় আর তাহার দ্বিতীয় স্থানে রাহু কিম্বা কেতু যদি থাকে তবে পুত্র হয় না যদ্যপি হয় তবে রক্ষা পায় না।

সম রাশি গতে জীবে রবি যুক্ত যদা ভবেৎ
তদা নজায়তে পুত্রো যদি জাত নজীবতী।

বিষম সম এই ক্রমেতে মেষাদি করিয়া জানিবে এই সম রাশিতে যদি রবিযুক্ত বৃহস্পতি থাকে তবে তাহার পুত্র হয় না যদি হয় তবে রক্ষা পায় না।

লগ্ন ব্যয়েচ পাতালে সপ্তমে চাষ্টমে কুজে
স্ত্রীয়াঃ নাশতে পত্যোঃ পুংসোভার্য্যা
বিনয্যতি।

লগ্নে ব্যয়স্থানে কিম্বা চতুর্থে সপ্তমে অথবা অষ্টমে যদি মঙ্গল থাকে তবে সেই স্ত্রীর পতি বিয়োগ হয় এবং পুরুষের যদি উক্ত প্রকার থাকে তবে স্ত্রী বিয়োগ হয়।

যৎসংখ্যা পুত্র নামশ্চ তৎসংখ্যা পুত্র
নান্যথা। স্ত্রীপুং নপুংসকংজ্ঞেয়ং গ্রহজ্ঞানং
বিশারদৈঃ। অথবা পঞ্চম স্থানে যৎসংখ্যাং।
সন্তি খেচরা।

যে সংখ্যা ক্রমেতে পঞ্চম স্থানের অধিপতি হইবেক সেই সংখ্যা ক্রমেতে সন্তান হইবেক আর স্ত্রীগ্রহ যদি পঞ্চম স্থানের অধিপতি হয় তবে কন্যা হইবেক।

শনি মঙ্গলয়োমধ্যে যদিস্যাস্মতাভৃগুঃতদা
নজায়তে পুত্রো যদি জাত নজীবতি।

শনি আর মঙ্গল ইহার মধ্যে যদি শুক্র থাকে তবে তাহার পুত্র হয় না যদি হয় তবে রক্ষা পায় না।

লগ্নাৎ সপ্তমগশ্চন্দ্র করোতি বিসুতাং স্ত্রীয়ং
পতি পুত্রবতী সাধ্বী ভর্ত্তাচ চিরজীবিন।

জন্ম লগ্নের সপ্তম স্থানে যদি চন্দ্র থাকে তবে বিশিষ্ঠ সুত লাভ হয় আর পতিপুত্রযুক্তা এবং তাহার পতি চিরজীবি হয়।

সুত স্থানাধি পশ্চাতে ক্রূরক্ষে ক্রূর সংযুতে।
তথৈব ক্রূর লগ্নেচ পুত্রাশ্চ পরিবর্জ্জয়েৎ।

পঞ্চম স্থানের অধিপতি যে গ্রহ হইবেক তিনি সপ্তম স্থানে

থাকেন সেই সপ্তম স্থান যদি পাপ গ্রহর গৃহ হয় কিম্বা পাপ গ্রহ যুক্ত হইয়া অন্য গ্রহর ঘরে যদি থাকে তবে সেইজন পুত্রকে ত্যাগ করেন।

অথ স্ত্রীনাশ কথন।

পাপগহা স্থিতাঃসপ্তধর্ম্মপত্যা হন্যাৎপরে বহু
সুতা যদি বীর্য্যবন্তঃ পুংসস্থিতাহিতবতীত্যর্থঃ।

পাপ গ্রহ যদি লগ্নের সপ্তম স্থানে থাকে তবে ধর্ম্মে হানি করে এবং স্ত্রী নাশ হয় আর যদি সেই গ্রহ বলবান হয় তবে পুনর্ব্বার বিবাহ হইলে অনেক সন্তান হয়।

লগ্ন ব্যয়েচ পাতালে সপ্তমে চাষ্টমে কুজে স্ত্রীয়াঃ
নাশতে পত্যোঃ পুংসৌভার্য্যা বিনষ্যতি।

লগ্নে বার্ষ স্থানে কিম্বা চতুর্থে সপ্তমে অথবা অষ্টম স্থানে যদি মঙ্গল থাকেন তবে সেই স্ত্রীর পতি বিয়োগ হয় এবং পুরুষের যদি উক্ত প্রকার থাকে তবে স্ত্রী বিয়োগ হয়।

অথ রাশি কথন।

অশ্বিনী ভরণী কৃত্তিকা পাদেকংমেষঃ। কৃত্তিকা
পাদত্রয়ং রোহিণী মৃগশিরা পাদদ্বয়ং বৃষঃ।
মৃগশিরা পাদদ্বয়ং আর্দ্রা পুনর্ব্বসোঃ পাদত্রয়ং
মিথুন। পুনর্ব্বসু পাদেকং পুষ্যাশ্লেষা কর্কটঃ।
মঘাপূর্ব্বফলগুণী উত্তরফলগুণীপাদেকং সিংহ।
উত্তরফলগুণী পাদত্রয়ং হস্তাচিত্রা পাদদ্বয়ং
কন্যা। চিত্রা পাদদ্বয়ংস্বাতি বিশাখাপাদত্রয়ং

তুলা। বিশাখাপাদৈকং অনুরাধাজ্যেষ্ঠা বৃশ্চিক।
মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া পাদৈকং ধনু। উত্তরা-
ষাঢ়া পাদত্রয়ং শ্রবণা ধনিষ্ঠা পাদদ্বয়ং মকর।
ধনিষ্ঠা পাদদ্বয়ং শতভিষা পূর্ব্বভাদ্রপদ ত্রয়ং
কুম্ভ। পূর্ব্বভাদ্রপদ পাদৈকং উত্তরভাদ্রপদ
রেবতী মীন।

অশ্বিনী অবধি রেবতী নক্ষত্র পর্য্যন্ত ক্রমেতে সাতাইশ নক্ষত্রেতে দ্বাদশ রাশি হয় নয়পাদেতে এক রাশি হয় অশ্বিনী ভরণী আর কৃত্তিকার এক পাদে মেষ রাশি হয় এবিষয় পঞ্জি-কাতে বাহুল্য রূপে আছে অতএব সংক্ষেপে লেখাগেল।

অথ গণ কথন।

হস্তাস্বাতী মৃগশ্বিনী হরিগুরু পৌষ্ণানুরাধা
দিতী চাদ্যারোহিণী চোত্তরাচ ভরণী পূর্ব্বানী
ভানিত্রয়ং জ্যেষ্ঠাশ্লেষা বিশাখ মূলবরুণ
বৈশ্যাগ্নি চিত্রা মঘা কথ্যন্তে মুনিভি যথা
ক্রমোহমী দেবা নরা রাক্ষসা।

হস্তা স্বাতী মৃগশিরা অশ্বিনী শ্রবণা পুষ্যা রেবতী অনুরাধা পুনর্ব্বসু এই নব নক্ষত্রে জন্ম হইলে দেবগণ হয়। আর্দ্রা রোহিণী উত্তরফল্গুণী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ভরণী পূর্ব্বফল্গুণী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ এই নব নক্ষত্রে নরগণ হয়। জ্যেষ্ঠা অশ্লেষা বিশাখা মূলা ধনিষ্ঠা শতভিষা কৃত্তিকা চিত্রা মঘা এই নব নক্ষত্রে রাক্ষস গণ হয়।

## অথ বর্ণ কথন ।

মীন কর্কট বৃশ্চিক বিপ্রাঃ। সিংহ তুলা ধনু ক্ষেত্রিয়যুক্তা কুম্ভ মন্মথ মেষ বৈশ্য। বৃষ কন্যা মকরাথ শূদ্রা ॥

মীন কর্কট বৃশ্চিক এই তৃতীয় রাশিতে জন্ম হইলে বিপ্র বর্ণ হয়। সিংহ তুলা ধনু ক্ষেত্রিয় বর্ণ হয়। বৃষ কন্যা মকর শূদ্র বর্ণ হয়।

## অথ নব গ্রহের দশা কথন।

ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা এই কএক নক্ষত্রে জন্ম হইলে রবির দশা হয়। আদ্রা পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা চন্দ্রের দশা মঘা পূর্ব্ব উত্তরফলগুনী মঙ্গলের দশা। হস্তা চিত্রা স্বাতী বিশাখা বুধের দশা হয়। পূর্ব্ব উত্তরাষাঢ়া শ্রবণা গুরুর দশা। উত্তরভাদ্রপদ রেবতী অশ্বিনী শুক্রের দশা। অনুরাধা জ্যেষ্ঠা মূলা শনির দশা। ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ রাহুর দশা হয়।

## দ্বাদশ রাশির ফল।

ভবতি বিমলকেশী যোগনশচর্য্যশীল নভবতি গৃহবাসি নৈবদারিদ মন্ত্রি। বৃজতি সবিকারো ভূরিযুক্ত পুণ্যাপী সম্ভবতি পুরুষোহয়ং মেষরাশি মনুষ্য।

মেষ রাশিতে যে মনুষ্যের জন্ম হয় সেই মনুষ্যের কৃষ্ণবর্ণ কেশ হয় অতি তপস্যাযুক্ত হয় আর বিদেশে সর্ব্বদা থাকে দুঃখ পায়না এবং অনেক দেশ ভ্রমণ করিয়া নানাধন উপার্জ্জন করেন।

পৃথুক গণকপোলঃ স্থূলনেত্র প্রমোদী কুলজন হিতকারী প্রায়সঃ সৌখ্যসেবী দ্বিজগুরু সুর ভক্ত বাতশ্লেষ্মা স্বভাবঃশিত কুটিল কচাগ্রো রোমযুক্ত বৃষাখ্যা।।

বৃষ রাশিতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কিঞ্চিৎ উচ্চ কপাল হয়। স্থূলাকার চক্ষু হয় কিঞ্চিৎ আনন্দ যুক্ত আর প্রায় জ্ঞাতি বন্ধুকে প্রতিপালন করেন, সর্ব্বদা সুখ যুক্ত থাকেন ব্রাহ্মণ গুরু দেবতার প্রিয় হন। আর বাতশ্লেষ্মা জন্য পীড়া হয় এবং কটাকেশ কিন্তু বাঁকা আর গাত্রেতে রোমযুক্ত হয়।

মৃদুগতি স্থিরগাত্রঃ শ্রেষ্ঠবিস্পষ্টবাক্যঃ। পরজন হিতকারী পণ্ডিতঃ ক্রূরচিত্তঃ। প্রকৃতিরূপ সমীর শ্লেষ্মা পিত্তোৎপন্ন ভবতি মিথুন রাশি গীত বাদ্য অনুরক্তঃ।

মিথুন রাশিতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি অতি ধীর ও অতিধীরে গমন করেন কিন্তু সকলের বড় হয় আর স্পষ্ট বাক্য কয় পরের হিত সর্ব্বদা করেন আর পণ্ডিত হন কিন্তু দুষ্ট মন হয় স্ত্রী পুরুষের সমান বর্ণ হয় আর পিত্তশ্লেষ্মাযুক্ত সর্ব্বদা হয় এবং গীত বাদ্য ও খেলাতে অনুরক্ত হয়।

পবন কর্ফ শরীর বেদ্যবিপ্র প্রকাম্যঃ সমুপ চিত বিত্তোধর্ম্যবাদে প্রসক্তিঃ। কুলজন সম-লাভি মণ্ডানকারঃ মধ্যো ভবতি বিপুণ মূর্ত্তিঃ কর্কটঃ সত্যাযুক্তঃ।

কর্কট রাশিতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির শরীরে সর্ব্বদা বাত আর শ্লেষ্মা যুক্ত থাকে বেদ বিপ্রতে অতি ভক্তি হয় আর ধর্ম্মাত্মা কুলের শ্রেষ্ঠ এবং যেমন মনুষ্য তৎতূল্য ধন হয় আর গৌরবর্ণ মূর্ত্তি অতিশয় চঞ্চল কিন্তু বাক্য সত্যকয় মিথ্যা কয় না।

উদর ভরণ তুষ্টঃ ক্রোধনো মাংসলুব্ধ গহণ গিরি গুহানাং সেবনো বন্ধুহীনঃ। কপিল নয়নঃ কেশী ত্তুঙ্গবক্ষঃ সুতালু বিবিধ যুবতী সেবী শীতল সিংহ রাশি।

সিংহ রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই লোক সর্ব্বদা খাদ্য দ্রব্যতে রত আর মাংসতে আনুরক্ত রাগযুক্ত বলেতেও আনুরক্তা উচ্চ স্থানেতে রত হয়। বন্ধুহীন আরক্তিমাবণ নেত্র এবং কেশ অল্প উচ্চ বক্ষ. সতালু, শীতলঅঙ্গ হয়। আর সুন্দরী যে স্ত্রীলোক তাঁহারা সকলে সেবা করে।

বিমল মতি সুশীলো লক্ষবৃত্তি কবিশ্চ সুকুল বিমতিমান ক্ষান্তিযুক্ত সবাব! ভবতি নয়ন রোগী ধার্ম্মিক শীলযুক্তো গুরুজন হিতকারী যস্য কন্যাখ্য রাশি।

কন্যা রাশিতে যে ব্যক্তির জন্ম হয়. সেই ব্যক্তির অতি সুমতি ও কবিশক্তি হয় শীলতা ক্ষমতা যুক্ত নেত্রেতে রোগযুক্ত হয় বাণিজ্যে তৎপর আর কূল উজ্জ্বলকারী এবং ধার্ম্মিক গুরুহিতকারী হয়।

ভবতি নম্রীত গাত্র নাভি দীর্ঘ পুমাণী জনযতি

পরিতোষ বান্ধবানাং প্রমাণৈঃ। অতিশয় সুখ ভোগী জ্যোতিষ জ্ঞানযুক্ত ভবতিহি তুলা রাশি ভৃত্যবর্গানুরক্তঃ।

তুলা রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির শরীর নরম, অতিশয় দীর্ঘ হয় না প্রমাণ হয় বন্ধু বান্ধবকে সর্ব্বদা পরিতোষ করেন আর অতিশয় সুখ যুক্ত হয় এবং জ্যোতিষ শাস্ত্রেতে জ্ঞান হয় আর চাকর লফরেতে অনরক্ত হয়।

বহুগুণ লাভা স্ত্রী সুসৌভাগ্যযুক্ত স্ত্রী বচনমতি বিজ্ঞো রাজ সেবানরক্তঃ। অভিনবিত পরস্বঃ নিত্যা মুদ্বেগ যুক্তঃ দৃঢমতি রতি সুরো বৃশ্চিকো যস্য রাশি।

বৃশ্চিক রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি বহুগুণ যুক্ত হয় আর তাহার যে স্ত্রী অতিসৌভাগ্য যুক্তা এবং সেই পুরুষ স্ত্রীবশ্য হয় আর রাজ সেবাতে আনুরক্ত নিত্য ক্রিয়া উদ্বেগযক্ত শৃঙ্গারেতে অতিশয় অনুরক্ত এবং অতিশয় বোদ্ধা কিন্তু পর দ্রব্য অপহরণ করিয়া থাকে।

ধনবর গুণযুক্তঃ কীর্ত্তিভাক পুজনীয়ঃ কুলপতি রূপভোক্তা বন্ধুবর্গৈকপাত্রং বহুধন জনযুক্তো দেববিপ্রোপ সেবী মৃদুগতি সহিষ্ণুশ্চ কামু যস্য রাশিঃ।

ধনুরাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি ধন গুণযুক্ত হয় আর নানাকীর্ত্তিযুক্ত সর্ব্বত্রেতে পূজনীয় হয় আর গোত্রের শ্রেষ্ঠ বদ্ধলোকের মান্য অনেক ধন আর অনেক মনুষ্যযুক্ত

থাকেন দেবতা দ্বিজ গূরুতে সদা সর্ব্বদা ভক্তি করেন এবং অতিধীরে গমন হয়।

অভিনসতী পরস্ত্রীং লব্ধ সম্পত্তি ভোগো নর পতি ধীরচণ্ডো মন্ত্রবাদে প্রসক্তঃ কৃষতন রতি বৃদ্ধি বন্ধু বর্গস্য ভক্তা ভবতি মকর রাশি মানবো ধীর ভাবঃ ॥

মকর রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি পর স্ত্রীতে আসক্ত আর সম্পদ ভোগ ইচ্ছা, আর অনেক ব্যক্তি প্রতি পালক সদা সর্ব্বদা বহু বন্ধু বান্ধবে ভক্তি এবং মন্ত্রণাতে উত্ত-ম হয় কিন্তু শরীর ক্ষীণ ধীর সভাব হয়।

তুরগইব সুপৃষ্ঠঃ সন্দর ঘাচ্ছবিত্তঃ স্থির বদন মতি বিজ্ঞ বন্ধুমান নীরক্তঃ। বহুধন পরিবার জ্ঞাতিবর্গ প্রমাদী ভবতিহি ঘটরাশি দেব বিপ্রানরক্ত।

কুম্ভ রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির পৃষ্ঠদেশ অশ্বের ন্যায় হয়। গৌরবর্ণ স্থির মুখ সদ্বুদ্ধি আপন বিত্তিতে থাকেন আর বন্ধূলোকের মান্য ধনযুক্ত বহু পরিবার হয় কিন্তু জ্ঞাতিদের বিবাদি এবং দেবতা বিপ্রেতে আনুরক্ত হয়।

জলধন সুখভোক্তা মোদনানী প্রসক্তঃ উদর সম শরীরো বাস্তুলাভ অল্পমধ্যঃ। অভি ভবতি সপ ত্নান স্ত্রীজয়ী চারুকেশী ধৃতিনিধি ধনভোগী পণ্ডিতো মীন রাশি।

মীন রাশিতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি স্বয়ং পুস্করি ণী করেন উদর সমান শরীর কেশ বৃহৎ সুখ ধন ভোগী বাস্তু লাভ কারী স্ত্রীজয়ী আর পৃথিবীতে পূজনীয় এবং পণ্ডিত হয়।

দ্বাদশ মাসের জর্ম্ম ফল।

ধর্ম্মজ্ঞঃসুবচাধীরোঃ গীতবাদ্য বিশারদঃ।
পিত্তবাক্য প্রিয়শ্চৈব বৈশাখে জায়তে নর।

বৈশাখ মাসের মেষ রাশি। উক্ত মাসে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি ধর্ম্মাত্মা হয় আর সুবাক্য অতি ধীর আর গীত বাদ্যতে অনুরক্ত হয় এবং পিতার কথার বশ্য হয়।

অতিক্লেশ সহোমানী চত্তরোবহুপোষকঃ।
মিষ্টান্ন পান ভোক্তাচ জৈ্যষ্ঠে সংজায়তে নর।

জৈষ্ঠ্যের বৃষ রাশি। উক্ত মাসে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির অতি ক্লেশ হয়,কিন্তু মানী অতি চত্তর অনেককে প্রতি পালন করেন আর মিষ্টদ্রব্য সর্ব্বদা ভক্ষণ এবং অতি সুখী হন।

অন্যবিদ্বান্বিতঃ শান্ত রূপবান বহুপোষকঃ।
চপলঃসুরূচামানী আষাঢে জায়তে নরঃ॥

আষাঢের মিথুন রাশি। আষাঢে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি অন্য বিদ্যাতে নিপুণ হয়। আর রূপবান শান্ত সুবাক্য হয় এবং অনেককে প্রতিপালন করেন কিন্তু কিঞ্চিৎ কৃপণ তথাচ মানী হন।

অতিলোভী ধনাঢ্যশ্চ দীর্ঘজীবি প্রিয়ম্বদঃ।
পুত্রান্বিত ভবেশ্চৈব শ্রাবণে জায়তে নর॥

শ্রাবণের কর্কট রাশি। শ্রাবণ মাসে যে ব্যক্তির জন্ম হয় সেই মনুষ্য অতি লোভী হয় আর ধনবান, দীর্ঘ জীবি, প্রিয়বাক্য হয় এবং পুত্রবান হয়।

জ্ঞানজ্ঞঃ শুভ গোলোভি দানধ্যান তপসহঃ।
সরোগা. বহুভোগীচঃ মাসীভাদ্র পদে নরঃ।

ভাদ্রের সিংহ রাশি ! ভাদ্র মাসে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি জ্ঞানবান কিঞ্চিৎ লোভী, আর দানী, তপস্যাযুক্ত হয় আর্‌রোগী কিন্তু অনেক ভোগ করেন।

সুখীকান্তাশ্চ শাস্ত্রজ্ঞ রাজপূজ্যো ধনান্বিতঃ।
পিববাসী গুণগ্রাহী আশ্বিনে জায়তে নরঃ॥

আশ্বিনের কন্যা রাশি। আশ্বিনেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি শাস্ত্রজ্ঞ, রাজার দ্বারা পূজনীয়, গুণগ্রাহক হয় আর ধনী ও সুখী হয় এবং প্রবাসে সর্ব্বদা থাকেন।

জিতেন্দ্রিয়ো মহাজ্ঞানী দেবপূজ্যো মহাধনী।
বিচিন্ত্য মতিমান নিত্যং কার্ত্তিকে জায়তে নরঃ॥

কার্ত্তিক মাসের তুলা রাশি। ঐ কার্ত্তিকে যে ব্যক্তির জন্ম হয় সেই মনুষ্য অতি শুচি, মহা জ্ঞানযুক্ত, দেবতা পূজাতে অনুরক্ত আর ধনী এবং তাহার নানা প্রকারে বুদ্ধি হয়।

ধর্ম্মাত্মা কৃষকোমানী সর্ব্বেষামুপকারকঃ।
দেবপূজারতোনিত্যং মার্গেমাসি নরোভবেৎ॥

অগ্রহায়ণের বৃশ্চিক রাশি। ঐ অগ্রহায়ণে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির ধর্ম্মেতে মতি কৃষি কর্ম্মেতে অনুরক্ত আর মানী সকলের উপকারী এবং সর্ব্বদা দেবতা পূজাতে রত হয়।

শুচির্দাতা কৃশাঙ্গশ্চ সুকার বহু পোষকঃ।
ত্যাগীস্থিরমতিঃশান্ত পৌষে সংজায়তেনরঃ ।।

পৌষের ধনুরাশি। পৌষ মাসে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি অতি শুচি হয় কৃশ শরীর, স্থির বুদ্ধি আর শান্ত হয় এবং সুকরের ন্যায় অনেককে প্রতিপাল করেন আর দাতা হয়।

বাণিজ্য কুশল ক্রোধী বহুপুত্র সমন্বিতঃ।
শূরশ্চ চপলত্যাগী মাসিমাঘে প্রজায়তে ।।

মাঘের মকর রাশি। মাঘ মাসেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি বাণিজ্য কর্ম্মেতে অতি পারক হয় আর অতি ক্রোধী, অনেক পুত্রযুক্ত, বলবান, কিন্তু অতি কৃপণ হয়।

দীর্ঘ সূত্রী ক্ষুধার্ত্তশ্চ বহু মিত্র সমন্বিতঃ।
সুজনস্য পরিত্যাগী ফাল্গুণে জায়তেনরঃ ।।

ফাল্গুণের কুম্ভ রাশি। ফাল্গুণ মাসেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি অতিশয় কর্ম্মযুক্ত হয় আর ক্ষুধার্ত্ত, বহু মিত্র যুক্ত এবং সুজনকে পরিত্যাগ পূর্ব্বক কুজনের সহিত সহবাস করে আর সেই রূপ ব্যবহার হয়।

জলাগ্নি ভয়যুক্তশ্চ মৃদুবাক ধনসংযুতঃ।
ধীরশ্চ চপলোমানী চৈত্র সংজায়তে পুমাণ ।।

চৈত্রের মীন রাশি। চৈত্র মাসেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির জলেতে ও অগ্নিতে ভয়যুক্ত হয় আর অতি ধীর [illegible] ধনযুক্ত হয় এবং ধীর স্বভাব ও মানী হয়।

অথ জন্ম বার ফল।

ধর্ম্মার্থী তীর্থ পূজশ্চ সহিষ্ণুশ্চ প্রিয়ম্বদঃ।
অল্প দ্রব্যেধনীখ্যাতো রবিবারে প্রসূয়তে॥

রবিবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি ধর্ম্মাত্মা হয় আর তীর্থাদি গমন করেন এবং পূজাদি করেন আর মিথ্যা কলনা, প্রিয়বাক্য হয় এবং অল্প ধনে ধন খ্যাতি হয়।

প্রসন্নবদনঃ কামী স্ত্রীনাঞ্চপ্রিয়ঃ দর্শনঃ।
মৃদুবাক অল্পভোগীচ চন্দ্রবারে প্রসূয়তে॥

সোমবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির অতিহাস্য বদন আর আপন স্ত্রীকে সদা সর্ব্বদা নিরীক্ষণ করেন এমত ইচ্ছা ও কামুক এবং ধীর বাক্য অতি অল্প ভোগী হয়॥

ক্রুরসাহসাকঃ ক্রোধী কপিলঃ পরদারকঃ।
শ্যামঙ্গ কৃষ কর্ম্মাচ ভৌমবারেপ্রসূয়তে॥

মঙ্গলবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির শ্যামবর্ণ মূর্ত্তি, অতি ক্রুর, অতি সাহসযুক্ত আর রাগান্বিত হয় কিন্তু লোকের মনোরঞ্জন হয় এবং পরদার কর্ম্মে ও কৃষি কর্ম্মেতে আনুরক্ত হয়।

বুদ্ধিমান পরদারিচ কান্তঃ শাস্ত্রার্থ পারকঃ।
নৃত্যগীত প্রিয়োমানী বুধবারে প্রসূয়তে॥

বুধবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি অতি বুদ্ধিবান, পরদারী কিন্তু যথার্থ শাস্ত্র জ্ঞানী আর নিত্যক্রিয়া গীতবাদ্য তে আনুরক্ত এবং সর্ব্বত্রেতে মান্যমান হয়।

শাস্ত্রজ্ঞঃসুবচাশান্তঃ একাকি বহু পোষক।
দৃঢ়ঃবুদ্ধিঃকৃপালুশ্চ গুরুবারে প্রসূয়তে॥

বৃহস্পতিবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি অতি শাস্ত্র জ্ঞানী, মানী, আর সুবাক্য, শান্তমূর্ত্তি, একা অনেককে প্রতিপালন করেন এবং অতি বুদ্ধিবান আর দয়াল্ হয়।

কুটিলো দীর্ঘজীবিচ নীতশাস্ত্র বিশারদঃ।
নারীণাং চিত্তহারিচ জায়তে ভৃগুবাসরে॥

শুক্রবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির দীর্ঘপরমায়ু হয় আর অতি দুষ্ট নানানীত জানে এবং শাস্ত্র জ্ঞানী কিন্তু স্ত্রীলোকের মনোহরণ করেন।

দীনকৃতঘ্নোলুব্ধশ্চ প্রবাসী কলহঃ প্রিয়া,।
সুখরোগী কুবিত্তিশ্চ সূর্য্য পুত্র দিনেনরঃ॥

শনিবারে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি কুকর্ম্মান্বিত, কলহ প্রিয়, অতি পাপী, ধনলুব্ধ সুখরোগযুক্ত এবং প্রবাসী হয়।

অথ জন্ম তিথি ফলং।

প্রতিপৎ সম্প্রজাতানাং শুভোহানো ভবেচসঃ।
আত্মাদ্বেষী দরিদ্রশ্চ নিন্দক সত্যবর্জ্জিত॥

প্রতিপদ তিথিতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি শুভ হীন আপন দ্বেষক হয় আর দরিদ্র নিন্দুক, সত্য বাক্য বর্জ্জিত হয়।

শত্রুহন্তা দশাশীলঃ কোষবৃদ্ধি সুবিক্রমঃ।
প্রভূশীলঃ সুমানীচ দ্বিতীয়ায়াং প্রজায়তে ।।

দ্বিতীয়াতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি শত্রু ব্যক্তিকে নাশ করেন অবস্থাশীল হন, আর কোষবৃদ্ধি বিখ্যামতাযুক্ত, কিন্তু দেবতা ভক্ত আর সর্ব্বত্রে মান্য হয়।

ধনবান ধার্ম্মিকঃ শিল্পী সুকাবিজ্জর্ন বল্লভঃ।
মিত্র কার্য্যরত শ্রীমান তৃতীয়ায়াং প্রজায়তে ।।

তৃতীয়াতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি ধনবান লক্ষ্মী যুক্ত হয় আর ধার্ম্মিক, শিল্প কর্ম্মে তৎপর, এবং সুখী ব্যক্তি অনুগত, মিত্র লোকের উপকারক হয়।

কৃপণঃ ক্রোধী ক্রূরাত্মা কুবেশী নিত্যগর্ব্বিতঃ।
স্থূলোদরি দরিদ্রশ্চ চতুর্থ্যাং জায়তে নরঃ ।।

চতুর্থীতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির পেট মোটা হয় আর দুঃখি, কৃপণ, রাগী, খল অন্তঃকরণ হয় আর কুবেশী নিত্য আস্ফালন করেন।

শ্রীমান্ মনোহরাঙ্গশ্চ মানাচ্ছাদন তৎপরঃ।
পরেষাং মুপকারীচ পঞ্চম্যাং জায়তে নরঃ ।।

পঞ্চমীতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির শরীর উত্তম হয় লক্ষ্মীযুক্ত, আর সকল বিষয়ে তৎপর হয় মনুষ্য কর্ত্তৃক মান্য এবং পর উপকারক হয়।

উগ্রঃ ক্রূর সাহসিকঃ ক্রোধীরাজ সিকস্তথা।
কুশীলিশ্চ সদাভাষী ষষ্ঠ্যাঞ্চ জায়তে নরঃ ।।

ষষ্ঠীতে যে মনুষ্যের জন্ম হয় সে ব্যক্তি অহঙ্কারী, কুটিল, সাহসযুক্ত, রাগ প্রাপ্ত, রাজ ব্যবহারী, কুলশীলের সর্ব্বদা বাক্যের রটনা করেন।

ধর্ম্মশীলশ্চ বলবান দেবারাধন তৎপরঃ।
কুশীল রাজ সেবায়াং সপ্তম্যাং জায়তেনরঃ॥

সপ্তমীতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি বলবান ধর্ম্মশীল হয় আর দেবতা আরাধনাতে রত, অতি শীলতা যুক্ত রাজ সেবাতে তৎপর হয়।

পরাক্রমী স্বতদ্রাচ পরেষাং শাধক প্রিয়ঃ।
সদাক্রোধ পরশ্চৈব অষ্টম্যাং জায়তে নরঃ॥

অষ্টমীতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি পরের অনুগত আর পরের নিকট ক্রোধ ও বিক্রম করেন আর ইন্দ্রীয় ক্ষত হয়।

সর্ব্বত্রেচ সুখী সোম্যা দান ধর্ম্মরতঃসদা।
পরদার রতঃকামী নবম্যাং জায়তেনরঃ॥

নবমীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি সর্ব্বদা সুখী হয় আর সর্ব্বদা দান ধর্ম্ম করেন কিন্তু পর স্ত্রীতে রত এবং কাম আসক্ত হন।

প্রচণ্ডো বুদ্ধিমান সোম্যাং বন্ধুনামুপকারকঃ।
আত্মাজ্ঞঃ ক্ষিপ্রশান্তশ্চ দশম্যাং জায়তেনরঃ।

দশমীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি অতিশয় বুদ্ধিবান হয় আর সুখী, বন্ধু ব্যক্তির উপকারক এবং অৃত্যাজ্ঞ, অল্প শান্তক হয়।

সত্যবান ধাম্মিকশ্চৈব সুভাগী প্রিয়দর্শনঃ।
প্রাজ্ঞ প্রধান শীলশ্চ একাদশ্যাং প্রজায়তে ॥

একাদশীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি সত্যবাক্য কয় ধার্ম্মিক হয় আর ভাগ্যবান, প্রিয়ব্যক্তিকে সর্ব্বদা দর্শন করেন এবং পণ্ডিত, শীলতাযুক্ত হয়।

দেবভক্তঃ সদাপূজ্য প্রভুভক্তোঃ জনপ্রিয়ঃ।
নির্দ্দোষ সর্ব্ব জন্তুনাং দ্বাদশ্যাং জায়তেনরঃ ॥

দ্বাদশীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি দেবতা গুরুতে ভক্তি করেন আর মনষ্য প্রিয়, কোন জন্তু কর্তৃক দোষী হন না।

কামী দুর্ব্বলগাত্রশ্চ সত্যবান নৃপ বল্লভঃ।
ধর্ম্মজ্ঞো মৃদুগাত্রশ্চ ত্রয়োদশ্যাং প্রজায়তে ॥

ত্রয়োদশীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি কামাসক্ত হয় আর শরীর দুর্ব্বল, বাক্য সত্য কয় রাজার মান্য, ধার্ম্মিক এবং মৃদু স্বভাব হয়।

তীব্রকর্ম্মা যশঃ প্রাজ্ঞোঽনেক শত্রু দারুণঃ।
স্ত্রীদ্বেষী প্রিয় ভক্তশ্চতুর্দ্দশ্যাং প্রজায়তেঃ ॥

চতুর্দ্দশীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি কর্ম্মে তৎপর হয় আর যশস্ব পণ্ডিত, শত্রুতা, দূরন্ত, স্ত্রীলোকের দ্বেষক আর যে ব্যক্তি প্রিয় হয় তাহার প্রতি ভক্তি হয়।

সুমূর্ত্তি সুমতিঃ শ্রীমান সর্ব্বতো ভোগ সংযুতঃ।
বিনয়ামৃত ভাষিচ পূর্ণিমায়াং নরো ভবেৎ ॥

পূর্ণিমাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির সুগঠন উত্তম মতি হয় আর ধনবান সর্ব্বত্রেতে মান্য মান এবং বিনয় বাক্য কহেন।

অমাবস্যাং সুযোজাতঃ ক্রূরঃ সাহসিকো ভবেৎ।
কৃতজ্ঞস্ত্যাগ শীলশ্চ চৌর বীশ্বতি ঘাতকঃ।।

অমাবস্যায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি ক্রূর, সাহস যুক্ত হয় আর ধর্ম্ম বর্জ্জিত চৌর্য্যবৃত্তিতেরত এবং অকস্মাৎ জীব নষ্ট করিয়া থাকেন।

অথ জন্ম নক্ষত্র ফলং।

রূপবান শুভগশ্চৈব অলঙ্কার প্রিয়ঃ সদা।
দক্ষোধীরা বহুবিত্তশ্চাশ্বিন্যাং জায়তে নরঃ।।

অশ্বিনী নক্ষত্রের মেষ রাশি হয় ঐ নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি রূপবান, ভাগ্যবান হয় আর অভরণেতে প্রিয়, এবং ধীর স্বভাব অনেক ধনযুক্ত হয়।

শুচির্মনসি দাতাচ দীর্ঘায়ুঃ কৃত নিশ্চয়ঃ।
আরোগী সত্যবাদীচ ভরণ্যাং নাত্র সংশয়ঃ।।

ভরণীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির ঐ রাশি হয় বহু পরমায়ু হয় রোগ থাকে না শুচিমান হয় দাতা হয় আর সত্য বাক্য কয়।

তেজস্বীচ মনস্বীচ পরদার প্রিয়ো মহান।
বহু ভাষী ক্রোধ তীক্ষ্ণশ্চ কৃত্তিকায়াং
পজায়তে।।

কৃত্তিকাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির ঐ নক্ষত্রের প্রথম অংশে মেষ রাশি হয় আর শেষ তৃতীয় অংশে বৃষ রাশি হয় ঐ ব্যক্তি মনের মধ্যে অহঙ্কার করেন আর পর স্ত্রীতে আসক্ত হন, এবং অতিশয় হাস্য বদনে থাকেন, কিন্তু তীক্ষ্ণ ক্রোধী হন।

মৃষাবাদী স্থিতি দক্ষঃ স্থিরা বুদ্ধি বহুপ্রিয়ঃ।
দর্শনীয়োঽতিলুব্ধশ্চ রোহিণ্যাং জায়তে নরঃ॥

রোহিণীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির বৃষ রাশি হয় আর মিথ্যা কয় কিন্তু কুশলে থাকেন আর বুদ্ধি স্থির, অনেকের প্রিয় হন।

চত্তরশ্চ পলোধীরঃ পটুতা যোগবান সদা।
ধনবান ভোগযুতঃ কামী মৃগশীরো ভবেন্নরঃ॥

মৃগশিরাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির বৃষ রাশি হয় আর শেষ অর্দ্ধেক অংশে মিথুন রাশি হয় আর অতি চত্তর, কর্ম্মে পটু হয় আর যোগবিশিষ্ট ধনবান হন এবং ভোক্তা কামানুরক্ত হয়।

মহারোগী মহোত্তসাহী পিতৃ দেবার্চ্চাণে রতঃ।
তীক্ষ্ণশ্চণ্ড সঠোগর্ব্বী সাহচার্থত ভোগবান
ক্রুরাচত্ত কৃতঘ্নশ্চাদ্রায়াং জায়তে নরঃ॥

আদ্রাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির মিথুন রাশি হয় আর মহারোগ বিশিষ্ট, মহোৎ উৎসাহ পিতৃলোক ও

দেবতা আর্চ্চণাতে রত কিন্তু চরিত্র উত্তম হয় না, আপ্ত গর্ব্ব করে সাহসযুক্ত হয় এবং ভোক্তা ও ক্রুর হয়।

ধর্ম্মজ্ঞ শীলবাংশ্চৈব প্রিয় বাক্য সদাভবেৎ।
সুখোদ্ধিতো হল্প সন্তান পুণর্ব্বসুদ্ভবো নরঃ।

পুণর্ব্বসুতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির মিথুন রাশি হয় আর শেষ এক অংশে কর্কট রাশি হয় আর ধার্ম্মিক, শীলতা যুক্ত, সর্ব্বদা প্রিয় বাক্য কয় সুখী হয় এবং অল্প সন্তান হয়।

সুখী ভোগী প্রিয় স্ত্রীণাং বিখ্যাতঃক্ষিতি মণ্ডলে।
ধর্ম্মশীলঃ প্রসন্নাত্মা পুষ্যায়াং জায়তে নরঃ।

পুষ্যা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কর্কট রাশি হয় আর সুখী, ভোক্তা, স্ত্রীলোক প্রিয়, বিশ্বময় খ্যাত এবং ধর্ম্মশীল, লোক প্রতি অনুগ্রহ করেন।

ধূর্ত্তশ্চ কৃপণশ্চৈব সর্ব্বভক্ষঃ শুচি স্থিরঃ।
কৃতঘ্ন পাপ বৃত্তিশ্চাশ্লেষায়াং প্রজায়তে॥

অশ্লেষাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কর্কট রাশি হয় আর শুচি, কৃপণ, সকল দ্রব্য ভক্ষণ করেন আর স্থির মতি খ্যাতাপন্ন কিন্তু পাপ কর্ম্মে রত হয়।

মহারোগী মহোৎসাহী পিতৃদেবার্চ্চণে রতঃ।
অর্থবান বহুপুত্রশ্চ মঘায়াং জায়তে নরঃ॥

মঘাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির সিংহ রাশি হয় আর মহৎ রোগযুক্ত হন আর ধনবান, অতি উৎসাহ,

দেবতা ও পিতৃগণেতে ভক্তি করেন এবং অনেক পুত্র হয় জ্যো তিষেতে কয়।

মধুর প্রিয়বাদীচ ধৃতির্মানার্থবান সদা।
মণিপ্রিয়োনবধীরশ্চ ফালগুণ্যাং জায়তে নরঃ ।।

পূর্ব্বফাল্গুনীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির সিংহ রাশি হয় আর মধুর বাক্য কয় অতি শান্ত ধার্য্য হয় আর ধনবান, কার্য্যকর্ম্মে রত হন এবং মাণিক্য প্রিয় হয়।

সুরোভোগী প্রিয়োদক্ষঃ শাস্ত্রবিৎ বহুধনাগমঃ।
দুল্লভো বলবান ধীমান মুত্তরস্যাং প্রজায়তে ।।

উত্তরফাল্গুনীতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির সিংহ রাশি হয় আর শেষ তৃতীয় অংশে কন্যা রাশি হয় আর কর্ম্মে নৈপূণ্য, দেবতা ভক্ত, শাস্ত্র বেত্তা, অনেক ধন সঞ্চয় করেন আর কঠিন বলবান, এবং ধীর হন।

আলস্যং রহিতো দৃষ্টঃ সুজ্ঞেয়ো বিরসো হ্মলী।
পরদ্রব্যাপহন্তাচ হস্তায়াং জায়তে নরঃ ।।

হস্তা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কন্যা রাশি হয় আর আলস্যযুক্ত, দুষ্টাচার রহিত অতি জ্ঞানী, অরসিক, ঘৃণা বিশিষ্ট, কিন্তু পরদ্রব্য হরণ কারক হয়।

চিত্রামাল্যাম্বরৈশ্চৈব চিত্রদ্রব্যোপ শোভিতঃ।
চিত্রার্থো দশনীয়োপি চিত্রায়াং জায়তে নরঃ ।।

চিত্রাক্তে যে মনষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কন্যা রাশি হয়

কিন্তু শেষ অর্দ্ধেকে তুলা রাশি হয় আর চিত্র কর্ম্মে মান্য ও চিত্র দ্রব্যে শোভিত এবং নানা চিত্র বিচিত্র কর্ম্মে পারক হয়।

রাজ্ঞাং প্রিয় সুখীদক্ষো ধর্ম্মাতিথি প্রিয়ঃসদাঃ।
পরদার রতোদুষ্টঃ স্বাত্যা সংজায়তে নরঃ॥

স্বাতিতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির তুলা রাশি হয় আর রাজার প্রিয়, সুখযুক্ত, ধার্ম্মিক আর সর্ব্বদা অতিথি প্রিয় হয় কিন্তু পর স্ত্রীতে আসক্ত এবং দুষ্টাচার হয়।

বহুবিত্তো হতি লুব্ধশ্চ সদাহি কলহপ্রিয়ঃ।
ধূর্ত্তশ্চ বিকলো দক্ষঃ বিশাখায়াং ভবেন্নরঃ॥

বিশাখাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির তুলা রাশি হয় কিন্তু শেষ এক অংশে বৃশ্চিক রাশি হয় আর ধূর্ত্ততাতে নৈপুণ্য, বহুধন আকিঙ্ক্ষা করেন এবং সর্ব্বদা কলহ করিতে রত হয়॥

বিদেশে গামী গম্ভীরঃ পরিভ্রমণ তৎপরঃ।
কৃপালু সর্ব্বশাস্ত্রজ্ঞো অনুরাধায়াং জায়তে নরঃ।

অনুরাধাতে যে মনষ্যের জন্ম হয় সেই ব্যক্তির বৃশ্চিক রাশি হয় আর দয়াশীল, সর্ব্ব শাস্ত্রে বেত্তা হন আর বিদেশে গমন করেন এবং ভাবিও গমনে তৎপর হয়॥

বহুভোগী বহুমিত্রো ধর্ম্ম কামার্থ ভোগবান।
কলাহীনো হল্প সন্তানঃ জ্যেষ্ঠায়াং জায়তে নরঃ॥

জ্যেষ্ঠা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির বৃশ্চিক রাশি

হয় আর বহু ভোগি, অনেক মৈত্রতা হয় আর ধর্ম্ম কর্ম্মে তৎপর, কলহতে হীন এবং অল্প সন্তান হয় ।।

সুকুশল সুখানশ্চ সুখহীনো মতিস্থিরঃ।
স্বল্প পত্নী পালতোনিত্যং মূলায়াং জায়তেনরঃ ।।

মূলা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির ধনুরাশি হয় অতি কুশলে থাকেন আর অতি শীলতা যুক্ত হন এবং ক্লেশ রহিত, স্থির মতি হয় স্বীয় স্ত্রীকে সুখে প্রতিপালন করেন ।।

প্রিয় ভার্য্যঃ প্রিয়লোক প্রিয়কার্য্যে ধন প্রিয়ঃ।
কন্যাবান বহুপুত্রশ্চ পূর্ব্বাষাঢে ভবেন্নরঃ।

পূর্ব্বাষাঢাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির ধনুরাশি হয় আর কর্ম্মে নৈপুণ্য, স্ত্রী প্রিয় ও লোকপ্রিয়, ধনাকাঙ্ক্ষী, বহু কন্যা ও পুত্র বান এবং মঙ্গল বান হয় ।।

সংভাবিতে গুণৈরুগ্নে বিদ্যাশয় প্রতিষ্ঠিতিঃ।
মহোৎসাহী সদোদ্বুক্তোত্তরাষাঢে ভবেন্নরঃ ।।

উত্তরাষাঢাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির ধনুরাশি হয় কিন্তু শেষ তৃতীয় অংশে মকর রাশি হয় আর সর্ব্বপ্রকারে ভাবক ও গুণ বিশিষ্ট, বিদ্যাখ্যাত এবং উত্তম উৎসাহ যুক্ত হয় ।।

সুতবান ধনবানশ্চাপি বিদ্যাঢ্যাশ্চ ধনান্বিতঃ।
বিখ্যাত নাম দীর্ঘায়ু শ্রবণায়াং ভবেন্নরঃ ।।

শ্রবণাতে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির মকর রাশি হয় আর সুভবান, বিদ্যা বান, ধনবান, এবং খ্যাতপন্ন নাম হয় আর দীর্ঘায়ু হয় ।।

ধন ধান্য প্রিয়শ্চৈব মুনিবৃত্তির কর্ম্মশঃ ।
শীলবান গুণবান ধীরো ধনিষ্ঠায়াং নরোভবেৎ ।।

ধনিষ্ঠা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির মকর রাশি হয় কিন্তু শেষ অৰ্দ্ধেকে কুম্ভ রাশি হয় আর ধীর, ধন ধান্য মাণিক্য প্রিয়, পাতরের কর্ম্মে তৎপর হয় আর শীলতা যুক্ত, গুণবান হয় ।।

লম্পট সাহসোৎসাহী ব্যসনী শত্রু নিন্দকঃ ।
স্ফুট বাক্যদূরাধর্ষঃ শতভিষায়াং ভবেন্নরঃ ।

শতভিষা নক্ষত্রে যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির কুম্ভ রাশি হয় আর লম্পট, দূর্দৃষ্ট এবং শত্রু ব্যক্তিরে নিন্দাকরে কিন্তু স্পষ্ট বাক্য কয় সাহস যুক্ত হয় ।।

অর্থবান শীলযুক্তো মানী সংবিভাগী জন প্রিয়ঃ ।
জিতামিত্রঃ সুধীদান্তো পূর্ব্বভাদ্রপদে নরঃ ।।

পূর্ব্বভাদ্র পদেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির কুম্ভ রাশি হয় কিন্তু শেষ এক অংশে মীন রাশি হয় সুধীদান্তো, মৈত্র জিত, লোক প্রিয়, শীলতাযুক্ত, এবং ধনবান, মান্যমান হয় ।

সুখী বিদগ্ধো ধর্ম্মাত্মা বিবুধঃ কৃত নিশ্চয়ঃ ।
নিত্যং পরোপকারীচ উত্তরভাদ্রপদে নরঃ ।।

উত্তরভাদ্রপদেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির মীন রাশি হয় আর সুচতুর, নিত্য পরোপকারী হন আর সুখী, ধর্ম্ম শীল হয় ॥

সংপূর্ণগাত্রঃ সুভগঃ প্রিয় মাল্যা রতি প্রিয়ঃ।
শতশ্চ কৃতবিৎ বিজ্ঞো রেবত্যাঞ্চ ভবেন্নরঃ ॥

রেবতী নক্ষত্রেতে যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির মীন রাশি হয় আর গাত্র পুষ্ট হয় আর সৌভার্গ্য, মান্যমান এবং শত্রু ও বিত্ত নাশক হয় ॥

অথ জন্ম কালীমের কেন্দ্রী ফলং ॥

কেন্দ্রং চত্তষ্টয়ং কণ্টকঞ্চ লগ্নাস্তু। দশ চত্তর্থণাং সংজ্ঞা ॥

যে লগ্নে মনুষ্যের জন্ম হয় সেই গৃহ কেন্দ্রী সংজ্ঞা হয় আর তাহার দ্বিতীয় গৃহ যে তাহা চত্তষ্টয় সংজ্ঞা হয় তৃতীয় গৃহ যে কণ্টক সংজ্ঞা হয় ইহাতে গ্রহ থাকিলে শুভ হয় আর লগ্নে গ্রহ থাকিলে কেন্দ্রী হয় আর লগ্নের চত্তর্থে, সপ্তমে, এবং দশ মেতে গ্রহ থাকিলে কেন্দ্রী হয় ॥

শাস্ত্রান্বিতো ধর্ম্ম যুতো হপিধীরো নৈশ্বাহ্য দেহা
বহু পুত্র পোষ্ঠা ॥ দাতা নৃপসৌ বহু ভার্গ্যভোগী
কেন্দ্রেরবৌ মাণ্ডলীকং করোতি।

রবি কেন্দ্রী ফলং। রবিগ্রহ যদি কেন্দ্রী হয় তবে নানা শাস্ত্রে বিদ্বান হয় আর ধর্ম্মযক্ত, ধীর, শরীরে রোগ প্রায় হয় না আর

অনেক পুত্র হয় অনেককে প্রতিপালন করেন। রাজা তুল্য দাতা ও ভাগ্যযুক্ত হয় আর বহু ভোগী এবং সভা করেন।

পরোপকারী বিভবাতিযুক্ত বিনীত মূর্ত্তি প্রতি
ধর্ম্মশাল, প্রন্মোতি কান্তাং শুভরূপযুক্তাং
চন্দ্রোহপি কেন্দ্রী চিরকালজীবি ॥

চন্দ্র কেন্দ্রী ফলং। চন্দ্র গ্রহ যদি কেন্দ্রী হয় তবে সর্ব্বদা পরের উপকার করেন আর বিভব যুক্ত, অনিন্দিত মূর্ত্তি, ধর্ম্ম শীল, অতি মনোহর স্ত্রী হয় এবং অনেক দীর্ঘপরমায়ু হয়।

কীর্ত্তি প্রকাণ্ডো নৃপতুল্যধীরো মাণিক্য মুক্তা
মণিরত্নপাত্রং। সপৌরসো কুঞ্জর বাহনাঢ্যঃ
কেন্দ্র মহীজে নৃপতেঃ সমানঃ ॥

মঙ্গল কেন্দ্রী ফলং। মঙ্গল যদি কেন্দ্রী হয় তবে নানাপ্রকার কীর্ত্তিযুক্ত হয় আর রাজার তুল্য ধীর, মণিমুক্তার পাত্র ভূষণ, আর অতি পৌরস যুক্ত এবং হস্তী আদি করিয়া বাহন আর ভূপতি তুল্য হয়।

আপার বুদ্ধি বহুদারযুক্তঃ বিদ্যানুরাগী গুরু
রাজভক্তঃ সুশীল ভার্য্যাশ্চ বুধেহপি কেন্দ্রে
বিপ্রার্চ্চণে সাধুজনে সুভক্তঃ ॥

বুধ কেন্দ্রী ফলং॥ বুধগ্রহ যদি কেন্দ্রী হয় তবে বহুতর বুদ্ধি, অনেক স্ত্রী হয় অতি শীলতাযুক্ত হয়, আর বিদ্বান অনেকে অনুরাগ করে নৃপ দ্বিজ গুরুতে ভক্তি এবং সাধু লোকেতে অতি ভক্ত হয় ॥

জীবোঽপি কেন্দ্রী বহুধর্ম্মশালো রাজাথবা পাত্রবিশেষকশ্চ। ধর্ম্মার্থকামাসদা বিলাসী সুরূপভার্য্যা খলুকামমূর্ত্তি ॥

গুরু কেন্দ্রো ফলং। বৃহস্পতি গ্রহ যদি কেন্দ্রী হয় তবে অনেক ধর্ম্মকরে আর রাজাহয় অথবা পাত্র বিশেষ হয়। ধর্ম্ম যথাদি করে চর্তুবর্গ ফল প্রাপ্তি হয় এবং সুরূপা ভার্য্যা হয় অনিন্দিত মূর্ত্তি হয় ॥

সুখী সুবেশঃ সুজনানুরাগী সদারযুক্ত গুণবান ধনাঢ্যাঃ সদ্বুদ্ধি শীলশ্চ কুল প্রদ্বীপঃ শুক্রো ঽপি কেন্দ্রী চিরকাল জীবি ॥

শুক্র কেন্দ্রী ফলং। শুক্র গ্রহ যদি কেন্দ্রী হয় তবে অতি সুখী, সুজনানুরাগী আর সুস্ত্রী হয়। গুণবান, বহুধনযুক্ত কুলের প্রদ্বীপ স্বরূপ এবং অনেক কাল দীর্ঘ জীবি হয় ॥

কান্তা বিলাসী বরকীর্ত্তি পাত্রং সংপূর্ণ লক্ষ্মী চিরকাল জীবি রাহ্বেক দেশাধিপতি বিদগ্ধো দাতাচ ভোক্তা রবিজশ্চ কেন্দ্রী ॥

শনি কেন্দ্রী ফলং। শনিগ্রহ যদি কেন্দ্রী হয় তবে আপন স্ত্রীর সহিত সদা সর্ব্বদা বিলাস করেন আর শ্রেষ্ঠ কীর্ত্তি সংপুর্ণ লক্ষ্মী গৃহেতে হয় এবং দীর্ঘ জীবি দেশাধিপতি হইয়া লোককে দগ্ধ করে কিন্তু দাতা ভক্তা হয় ॥

ক্রূরকুমূর্ত্তিঃ কুমতি কুকর্ম্মা পরাপহারী পরভাগ্যভোগী গদাভি ভূতশ্চ ব্যসনানুবাসী রাহুশ্চ কেন্দ্রী পরদার শীলঃ।

রাহু কেন্দ্রী ফলং। রাহু গ্রহ যদি কেন্দ্রী হয় তবে অতি দুষ্ট হয় আর কুমূর্ত্তি, কুমতি, কুর্ম্মান্বিত হয় আর পরের দ্রব্য অপহরণ করে, পরের ভাগ্যেতে ভোগ করে আর মনুষ্যকে মারধর সর্ব্বদা করে বস্ত্রাদিতে বাসকরে এবং পরদারেতে অনুরক্ত হয়॥

---

জন্ম দশা ফলং॥

উদ্বিঘ্নচিত্ত পরিখেদিত বিত্তনাশঃ ক্লেশ প্রবাসগ পীড়িত পক্ষঘাতৈঃ। সংক্ষোভিত স্বজন বন্ধু বিয়োগ দুঃখৈ ভানোর্দশা ভবতি কষ্টকরী নরাণাং।

রবির দশায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি দুঃখী উদ্বিঘ্নচিত্ত খেদাপন্ন হয় আর ধন নাশ, ক্লেশ, প্রবাসী, চক্ষু পীড়া, পক্ষঘাৎ সর্ব্বপ্রকারে ভীত হয় আর স্বজন এবং তাহার বন্ধু বিয়োগ হয়। ঐ দশার ৬ বৎসর ভোগ হয়॥

সৌখ্যং বিভূতি বরবাহন জ্ঞানরত্ন কীর্ত্তি প্রতাপ বল বীর্য্য শুভানিতঞ্চ। মিষ্টান্নপান শয়নাসন ভোজনানি চন্দ্রো দদাতি ধনকাঞ্চন ভূমিসংখ।

চন্দ্রের দশায় যে মনষ্যের জন্ম হয় সেই ব্যক্তির সৌখ্যং

ভূষণ লভ্য হয় আর শ্রেষ্ঠ বাহনে গমন, রত্ন কীর্ত্তি প্রতাপ যুত, বলবান, মিষ্ঠান্ন পান, শয়ন আসন ভোজন কাঞ্চন লভ্য হয় এবং ভূমি লাভ হয়। ঐ দশার ১৫ বৎসর ভোগ হয়।

শস্ত্রাভিঘাত বধ বন্ধন রেন্দ্রুপীড়া চিন্তাজ্বরং
বিকলতাঞ্চ গৃহেকরোতি। চৌরা গ্নিদাহ ভয়
ভঙ্গ বিপত্তিরোগং কীর্ত্তি প্রতাপ ধনাহ্যাচ দশা
কুজস্য ॥

মঙ্গলের দশায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির অস্ত্রাঘাত হয় আর বধবন্ধন ভয় আর পীড়িত, চিন্তাজ্বর, চোর্য্য ভয় অগ্নিদাহ, বিপত্তি, ও রোগী কীর্ত্তিযুক্ত, প্রতাপি, কিন্তু ধন হানী হয়। ঐ দশার ৮ বৎ ভোগ হয় ॥

দিব্যাঙ্গনা বদন পঙ্কজ ষটপদত্বংশীলা বিলাস
শয়নাসন ভোজনঞ্চ। নানাপ্রকার বিভবাগম
কোষ বৃদ্ধিঃ ক্ষিপ্রং ভবেদ্বুধদশা সুহৃতাথ সিদ্ধিঃ।

বধের দশায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তির দিব্যাঙ্গনা স্ত্রীও পদ্মমুখ নানা প্রকার অভিলাসযুক্ত হয় আর শয়ন আসন ভোজন নানা প্রকার ধনযুক্ত হয় এবং ভাণ্ডার পরিপূর্ণিত হয় ও বন্ধু বৃদ্ধি হয়। ঐ দশার ১৭ বৎসর ভোগ হয় ॥

রম্যংগৃহং ধনয় সঞ্চয় মানবৃদ্ধি প্রপ্নোতি সৌখ্য
ধনধান্য বিভূতি যোগং। ধর্ম্মার্থ কামসুখ ভোগ
বহুপযুক্তং যাবদ্বৃহস্পাতিদশা পুরুষো ভবেৎ।

বৃহস্পতির দশায় যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তির মনোহর গৃহ হয় আর ধন সঞ্চয় মান বৃদ্ধি, সুখ, ধন, ধান্যযুক্ত, ভূষণ লভ্য ধর্ম্ম অর্থ কাম সুখ ভোগ হয় এবং ঐ দশার ১২ বর্ষ ভোগ হয়॥

মন্ত্র পুতাপ নিপুণঃ পুমদা বিলাস সেতাত
পত্র নৃপ পূজিত দেশলাভ। হস্ত্যস্বলাভ ধন
পূর্ণ মনোরর্থঃ স্যাত শৌক্রীদশা ভবতি
নিশ্চল রাজলক্ষ্মী॥

শুক্রের দশায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি মন্ত্রণা কর্ম্মে অতি প্রতাপযুক্ত, স্ত্রীবিলাস,রাজপূজ্য, ভূমিলভ্য, হস্তী অশ্ব লাভ হয় আর ধন পূর্ণ হয়। ঐ দশার ৭ বর্ষ ভোগ হয়॥

মিথ্যাপবাদ বধ বন্ধনে কার্য্য হানী মাৎসর্য্য
মুখ প্রিয় সুখ দুর্বিণৈ বিহীনঃ। মিত্রেচ বৈর
মতি বাঞ্ছতি বৈরযুক্তঃ কাষ্টাসু পাপ দশাসু
শনৈশ্চরস্য॥

শনির্দ্দশায় যে মনুষ্যের জন্ম হয় সেই ব্যক্তি মিথ্যাপরাদী হন আর বধ বন্ধন ভয় হয় আর কার্য্যের হানী, দূর্মুখ ও ধন বির্হান, অহঙ্কারী, মৈত্র হানী, মনোরাঞ্ছাহীন হয় এবং ঐ দশার ২১ বয় ভোগ হয়॥

বুদ্ধ্যো বিহীন মতি নাশ বিয়োগ দুঃখনষ্টার্থ
সিদ্ধি নষ্টার্থসিদ্ধি ভয়ভঙ্গ বিষাত্তি রোগং।

সন্তাপশোক পরদেশগতি করোতি রাহো
র্দশা ভবতি জীবন সংশয়।

রাহুর দশায় যে ব্যক্তির জন্ম হয় সেই ব্যক্তি বুদ্ধি বিহীন মতিচ্ছন্ন, দুঃখী হয় আর ত্রাস যুক্ত, শোক বিশিষ্ট এবং প্রবাসী বিদেশ গামী হয়। ঐ দশার ১২ বর্ষ ভোগ হয়॥

অথ তন্নাদি ভাব বিবেচনা॥

সামর্থং তনকন্যতে সমুদয়ে বিত্তং কুটম্বং ততো
বিক্রান্তিং সহজং তৃতীয় ভবনে যোধঞ্চ সংবিস্তয়ে
দন্দুং বায় সুখানয়নং পিততোধীমন্ত্র পুত্রাংস্ততঃ
ষষ্ঠে হর্থখ্যাতি বিদুষো মদগৃবহ কামং স্ত্রীয়ং
রত্নচ রান্দ্রয়ে মৃতয়োষ্টমে গুরুতপো ভাগ্যানি
চিত্তং ততো মানভ্রা পদ কর্ম্মণাং দশমতে
কুর্য্যাত তশিচন্তনং প্রাপ্তা শবর্থ চিন্তয়েদ্ভব গৃহে
রিফেভ মন্ত্রীব্যয়োঃ সম্য স্বামি যুতীক্ষ্মণে
ক্ষপচয়শ্চেয়াংক্ষতিস্তন্যথা॥

জন্মলগ্নেতে শরীরের শুভাশুভ চিন্তা করিবেক। দ্বিতীয় স্থানে ধন আর কুটম্ব, তৃতীয় স্থানে বিক্রম আর সহোদর এবং যুদ্ধ, চতুর্থ স্থানে বন্ধু আর বাহন সুখ এবং আলয়, পঞ্চম স্থানে বিদ্যা বুদ্ধি আর পুত্র, ষষ্ঠস্থানে শত্রু আর ক্ষত ব্রণাদি, সপ্তম স্থানে কামনা আর স্ত্রী এবং পত সুপত, কি কুপত, অষ্টম স্থানে আয়ু আর পরে দ্রোহ, নবম স্থানে গুরু

তপস্যা আর ভাগ্য,দশমস্থানে মান জ্ঞান আর আস্পদ্ধা এবং কাম্য,একাদশ স্থানে প্রাপ্তি আর আর,বার্য স্থানে মন্ত্রণা আর ব্যয় চিন্তা করিবেন। শুভগ্রহ লগ্নাদি করিয়া যুক্ত থাকেন কিম্বা দেখিতে পায় অথবা স্বামি গ্রহ যে তিনি যদি যুক্ত থাকেন তবে শুভ হয় আর পাপ গ্রহ যুক্ত অথবা দৃষ্টি যদি থাকে তবে বিরুদ্ধ হয়।

নিধনো ধন পুনশ্চ মুনিবস্ত্রধরঃসদা।
কর্পূরশ্চন্দনামোদী ধনেকুমদ বান্ধবা॥

লগ্নের দ্বিতীয় স্থানে যদি চন্দ্র গ্রহ থাকেন তবে নির্ধনের পুত্র যে সে ধনবান হয় আর মুক্তাবস্ত্র সর্ব্বদা লাভ হয় এবং কর্পূর আর চন্দনে সর্ব্বদা রত হয়॥

ধনাণাং শততংলাভঃ স্বতোঽর্থ পরভো হপিবা
ভবেৎ ধনগতঃ সৌম্যঃ নরাণাং সুখমদ্ভুতং॥

লগ্নের দ্বিতীয় স্থানে যদি বুধ গ্রহ থাকেন তবে শতত পরত সর্ব্বদা ধনলাভ হয় এবং শর্য্যা সুখ করেন॥

লক্ষ্মী পুজ্জলিতা নিত্যং গন্ধমাল্য প্রিয়ঃসদা।
মুক্তারত্ন ধনামানী ধনাস্থে র্বচসাংপতৌ॥

লগ্নের দ্বিতীয় স্থানে যদি বৃহস্পতি থাকেন তবে নিত্য লক্ষ্মীর দৃষ্টি হয় চন্দন মাল্যতে প্রিয় আর সর্ব্বদা মুক্তা রত্ন ধন লাভ হয় এবং সর্ব্বদা সন্মান যুক্তা করেন॥

বিদ্যাজ্জিত ধনোনিত্যং স্ত্রীধনৈ র্ধনবানপি।
রজতস্ম ভবেৎকোষো দ্বিতীয়ে ভৃগুনন্দনঃ॥

লগ্নের দ্বিতীয় স্থানে যদি শুক্র থাকেন তবে বিদ্বান ধনবান স্ত্রীসম্বন্ধেতে ধনলাভ হয় এবং রজত কাঞ্চনের ভাণ্ডার করিতে পারেন ॥

নৃপতুল্য ভৃত্ত্যযুতঃ কুটুম্বৈশ্চাপি সংযুতঃ।
সহজস্থে গুরৌজাতো নিত্যং ভবতি সানুজঃ ॥

লগ্নের তৃতীয় স্থানে যদি গুরু থাকে তবে নৃপ তুল্য সেই নরহয় আর অনেক ভৃত্য অনেক কুটম্ব যুক্ত হয় এবং বন্ধু ও ভ্রাতাকে নানা প্রকারে প্রতিপালন করেন ॥

অরাতি ব্রণয়োষষ্ঠে চাষ্টমে মৃত্যুরন্দ্রয়ো।
ব্যয়স্য দ্বাদশ স্থানে বৈপরিত্তেন চিন্তনং ॥

ষষ্ঠস্থানে যদি শুভ গ্রহ থাকে তবে শত্রু হানি করেন পাপ গ্রহ অথবা দেখিতে পায় তবে বৃদ্ধি করেন। অষ্টম স্থানে যদি শুভ গ্রহ থাকেন তবে আয়ু হানি করেন আর পাপ গ্রহ যদি যুক্ত কিম্বা দেখিতে পায় তবে বৃদ্ধি করেন ॥

অথ গ্রহর স্বাভাবিক মিত্র কথন।

মিত্রানি সূর্য্যাচ্ছাশি ভৌম জীবাঃ সূর্য্যেন্দুজৌ
সূর্য্য শশাঙ্ক জীবা আদিত্য শুক্রৌ রবি চন্দ্র
ভৌমাঃ বুধার্কজৌচন্দ্রয় ভার্গ্যবৌচ ॥

রবির মিত্র গ্রহ চন্দ্র আর বৃহস্পতি এবং মঙ্গল। চন্দ্রের মিত্র গহ রবি আর বধ, মঙ্গলের মিত্রগহ রবি, চন্দ্র এবং গুরু,

বুধের মিত্র রবি, শুক্র। বৃহস্পতির মিত্র রবি, চন্দ্র, এবং মঙ্গল, শুক্রের মিত্র বুধ আর শনি। শনির মিত্র বুধ এবং শুক্র।

অথ শত্রু কথন।

সিতাসিতৌ চন্দ্রম সোন কশ্চিদ্বুধঃ শশী সৌম্য
সিতৌ রবিন্দুর রবিন্দু ভৌমা রবিতস্ত মিত্রামিত্রারি
শেষাস্তু সমাঃ প্রদিষ্টাঃ।

রবির শত্রু শুক্র আর শনি, চন্দ্রের শত্রু নাই, মঙ্গলের শত্রু বুধঃ। বুধের শত্রু চন্দ্র, বৃহস্পতির শত্রু বুধ আর শুক্র, শুক্রের শত্রু রবি, চন্দ্র, শনির শত্রু রবি চন্দ্র এবং মঙ্গল হয়॥

অথ গ্রহাণাং সম কথন।

বুধঃকুজেজ্যা সুর্জিদর্ক পুত্রাঃ শুক্রার্কজৌ ভৌম
সুরেজ্যা মন্দাঃ শনিঃ কুজেজ্যো সুররাজ
মন্ত্রীর ব্যাদিতোঽমী সম সংজ্ঞিতাস্যুঃ॥

রবির সম গ্রহ বুধঃ, চন্দ্রের সমগ্রহ মঙ্গল আর বৃহস্পতি এবং শুক্র শনি। মঙ্গলের সম গ্রহ শুক্র এবং শনি। বুধের সমগ্রহ মঙ্গল, বৃহস্পতি আর শনি। বৃহস্পতির সমগ্রহ শনি। শুক্রের সমগ্রহ মঙ্গল আরগুরু। শনির সমগ্রহ বৃহস্পতি হয়।

অথ গ্রহাণাং স্বভাবত স্ত্রীপুংনপুংসক নিরূপণং।

পুসাংসূর্য্যার বাগীশা। যোশিতাং চন্দ্রভার্গবৌ।
ক্লীবানাং বুধমন্দোচ পতয়ঃ পরিকীর্ত্তিতাঃ॥

রবিগ্রহ আর মঙ্গল এবং বৃহস্পতি ইহারা পুরুষগ্রহ হন। চন্দ্র আর শুক্র ইহারা স্ত্রীস্বভাব গ্রহ। বুধ আর শনি ইহারা নপুংসক স্বভাব হয়॥

অথ গ্রহাণাংজাতি নিরোপণ কথনং॥

ব্রাহ্মণেশুক্রবাগীশৌ। ক্ষেত্রিয় ভৌম ভাস্করৌ।
চন্দ্রোবৈশ্যে বুধঃ শূদ্রে। পতির্মন্দোহন্ত্য যেজনে॥

শুক্র আর বৃহস্পতি ইহারা হন ব্রাহ্মণ। মঙ্গল আর রবি ইহারা ক্ষত্রিয়। চন্দ্রগ্রহ হন বৈশ্য। বুধগ্রহ হন শূদ্র। শনি গ্রহাদি করিয়া নিন্দিত জাতি হন॥

অথ গ্রহাণাং বেদাধিপ কথনং॥

ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্বেদাধিপঃ সিতঃ শ্যাম
বেদাধিপো ভৌমঃ শশীজো হথর্ববেদরাট॥

ঋগবেদের অধিপতি হন বৃহস্পতি। যজুবেদের অধিপতি হন শুক্র। শ্যামবেদের অধিপতি হন মঙ্গল। বুধ হন অথর্ব্ব বেদের অধিকারী॥

অথ গ্রহাণাং গুণাধিপ কথনং।

চন্দ্রার্ক জীবাস্তু সিতৌকুজার্কী যথাক্রেমং
সত্ব রজ স্তমাংসি॥

সত্ব গুণাবলম্বিং হলেন চন্দ্র এবং বুধ আর শনি। রজ গুণাবলম্বিং রবি আর শুক্র। স্তম গুণাবলম্বিং বৃহস্পতি এবং মঙ্গল। এই ক্রমেতে ভোগ করেন॥

অথ রসাধিপ কথনং।

কটুলবণ তিক্তমিশ্রাতামধুরাম্লৌচ কর্ষায়
কৌহর্কত॥

কটু রসের অধিপতি হন রবি। লবণ রসের অধিপতি চন্দ্র। তিক্ত রসের অধিপতি মঙ্গল। মিশ্রীত দ্রব্যের অধিপতি বুধ। মধুর দ্রব্যের অধিপতি গুরু। অম্ল দ্রব্যের অধিপতি শুক্র, কর্ষায় দ্রব্যের অধিপতি শনি এই ক্রমেতে অধিপতি হন।

অথ পিতা মাতার শুভাশুভ কথন।

সার্কস্য বামে নবমংগৃহং যৎ পিত্তঃ ফলং
তত্র বিচিন্ত্যনীয়ং। চন্দ্রাচত্তর্থে জননী
গৃহংদে কুজা তৃতীয় সহজাদি কুর্য্যাৎ। বুধা
চত্তর্থে খলুমাত্তলাদে তৎপঞ্চমে বালিপি
পুত্রবিদ্যা॥

যে কালীন মনুষ্যের জন্ম হয় সেই সময়ে রবিগৃহ যে গৃহে থাকিবেন সেই গৃহের নবম গৃহেতে পিতার শুভাশুভ হই বেক যদি শুভ গ্রহ থাকে অথবা শুভ গ্রহর ক্ষেত্র হয় তবে শুভ হয় এবং সৌন্দর্য্য হয় আর পাপ গ্রহর ক্ষেত্র হয় অথবা পাপ গ্রহ থাকে তবে বিরুদ্ধ হয় এবং কুমূর্ত্তিহয় আর চন্দ্রের চত্তর্থ স্থানে মাতার শুভাশুভ হয় এবং অশুভ চিন্তা করিবেক। শুভ পাপ পূর্ব্ববৎ বিবেচনা করিবেক আর মঙ্গলের তৃতীয় স্থানে সহোদর চিন্তা করিবেক আর বুধ গ্রহর চত্তর্থ স্থানে মাতুলের শুভাশুভ হয় আর বুধের পঞ্চম স্থানেতে অক্ষর আর পুত্র এবং বিদ্যা এই কয় চিন্তা করিবেক॥

জ্ঞানং গুরৌ পঞ্চম এব বাশৌ জায়া সুখাদ্যং
ভৃগু সপ্তমক্ষেণা॥

বৃহস্পতির পঞ্চম স্থানেতে জ্ঞান চিন্তা করিবেক। শুক্রের সপ্তম স্থানে স্ত্রী চিন্তা আর সুখ চিন্তা করিবেক॥

অথ নষ্ট কোষ্ঠী উদ্ধার ।।

মাসেভাংশ বিযুক তিথিঃ শিবহতা খাষ্টৈ
যুদ্রুক দিগযুতা মেসাদভুরহিতান্য মাসিখ
গুণৈঃ শিষ্টাঃ সুবেন্দান্বিতাঃ। ক্ষিপ্তা ভত্রপুনঃ
পুনর্ণববিধুং বর্ষানুমানচ্ছকো যুক্তি রাঘব
শর্ম্মণোত্র সমতৈ যুক্তোদ্বিপৈর্ব্বানৃপেঃ ।।

যে মাসেতে প্রশ্ন করিবেক সেই মাসের নক্ষত্র লইবেক আর যত দিনেতে প্রশ্ন হইবেক সেই অবধি করিয়া মাসের গত দিন লইবেক আর সেই দিনের যে তিথি হইবেক সেই তিথি যোগ করিবেক একত্র করিয়া একাদশ দিয়ে পূরিত করিবেক আর ৮০ যোগ করিবেক তাহার পর ৫ যোগ করিবেক এবং দুই আর দশযোগ করিবেক আর মেষ কি না বৈশাখ. অবধি করিয়া এক ২ রহিত করিয়া মাস পাওয়া যাইবেক। শেষ অঙ্ককে ত্রিংশত দিয়া পূরিবেক তাহার পর চতুর্দ্দশ দিয়া আর ১৪৩৩ দিয়ে হরিবেক শেষে যত অঙ্ক থাকিবেক তাহাতে উনবিংশতি যোগ করিয়া বয় অনুমান করিয়া শক বলিবেক। রাঘব শর্ম্মণোযুক্তি এই যদি কিঞ্চিৎ হীন হয় তবে এক কিম্বা ষোড়শ যোগ করিবেক ইতি ।।

ইহার অবশিষ্ট দ্বিতীয় খণ্ডে প্রকাশ করা যাইবেক।

প্রথম খণ্ড সমাপ্তঃ ।।